ফাতওয়া নাম্বার: ৫৬৬ প্রকাশকালঃ১৮-০৬-২০২৫ ইং

সকল মুশরিকই কাফের

প্রশ্ন:

আমি জানতাম, "প্রত্যেক মুশরিক হলো কাফের, কিন্তু প্রত্যেক কাফের মুশরিক নয়।" কিন্তু একজন দাবি করলেন, আমার ধারনা নাকি ভুল। বরং প্রত্যেক কাফেরই মুশরিক, কিন্তু প্রত্যেক মুশরিক কাফের নয়।" কোনটা শরঈ দৃষ্টিকোণ থেকে সঠিক?

আবু আব্দুর রহমান

উত্তর:

মুশরিক হচ্ছে, যে আল্লাহর সঙ্গে কাউকে শরীক করে। আর কাফের হচ্ছে, যে ঈমানের কোনো বিষয়কে অস্বীকার করে।

পরিভাষাগত দিক থেকে আপনি যেটা বলেছেন সেটাই ঠিক। অর্থাৎ সকল মুশরিক কাফের, কিন্তু সকল কাফের মুশরিক নয়। যেমন নাস্তিক বা শরীয়তের সুনির্দিষ্ট কোনো বিধান অস্বীকারকারী মুরতাদ কাফের, কিন্তু মুশরিক না। কারণ সে আল্লাহর সঙ্গে কাউকে শরীক সাব্যস্ত করেনি। পক্ষান্তরে সকল মুশরিক যেহেতু শরীক সাব্যস্ত করার মাধ্যমে শিরক করার সঙ্গে সঙ্গে আল্লাহর

একত্ববাদকে অস্বীকার করে, এজন্য সে একই সঙ্গে মুশরিক এবং কাফের গণ্য হয়।

অবশ্য সাধারণ কথা বার্তায় উলামায়ে কেরাম কাফের ও মুশরিক প্রত্যেকটিকেই অপরটির জায়গায় ব্যবহার করেন। -শরহে মুসলিম; নববী রহিমাহুল্লাহ দারু ইহইয়াইত তুরাছ: ২/৭১; ইকফারুল মুলহিদীন, দারুল বাশায়ের, পৃ. ৩৭

فقط، والله تعالى أعلم بالصواب

আবু মুহাম্মাদ আব্দুল্লাহ আলমাহদি (উফিয়া আনহু)

২৯-১১-১৪৪৬ হি.

২৮-০৫-২০২৫ ঈ.